



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া

মেলান্দহ, জামালপুর।

Website: www.bbqj.edu.bd

E-mail: bbc110146@gmail.com

জনসংযোগ দপ্তর

মোবাইল: ০১৭৪০-৬০২৪২০

E-mail: rumonsrs@gmail.com

তারিখঃ ০৯ মার্চ, ২০২৪ খ্রি.  
২৫ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ

## সংবাদ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া'য় মহাধুমধামের সাথে  
“বসন্ত বরণ ও বর্ণাঢ্য পিঠা উৎসব-২০২৪” অনুষ্ঠিত।

৯ মার্চ, ২০২৪ খ্রি. শনিবার বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া'য় উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে “বসন্ত বরণ ও বর্ণাঢ্য পিঠা উৎসব-২০২৪” আয়োজন করা হয়। একাদশ শ্রেণির শিক্ষার্থী মোঃ হোসেন এর কণ্ঠে পবিত্র কুরআন তেলাওয়াতের মধ্যে দিয়ে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ ফজলুল হক চৌধুরী, অধ্যক্ষ, বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া, মেলান্দহ, জামালপুর। সভাপতি মহোদয় তাঁর বক্তব্যে বলেন, পড়াশোনার পাশাপাশি সহশিক্ষণ কার্যক্রম শিক্ষার্থীদের জ্ঞান ও জ্ঞানের পরিধি বিকশিত করে। এ অর্জিত জ্ঞান পরিবর্তী জীবনে তারা কাজে লাগিয়ে বাস্তবমুখি হয়ে উঠবে এটাই তাঁর প্রত্যাশা। অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত থাকেন জনাব আঞ্জুমনোয়ারা বেগম হেনা, চেয়ারম্যান, ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ ও সভাপতি, বাংলাদেশ মহিলা আওয়ামীলীগ, জামালপুর জেলা শাখা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকেন আলহাজ্ব ফারুক আহম্মেদ চৌধুরী সিনিয়র সহ-সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, জামালপুর জেলা শাখা, জামালপুর জেলা পরিষদের প্রথম নির্বাচিত চেয়ারম্যান ও প্রতিষ্ঠাতা বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া, মেলান্দহ, জামালপুর। প্রধান অতিথি মহোদয় তাঁর বক্তব্যে বলেন, বাঙ্গালির ঐতিহ্য সংরক্ষণ ও সম্প্রসারণে এই জাতীয় উদ্যোগ অনস্বীকার্য। ধারাবাহিকভাবে প্রতি বছর বাঙ্গালি সংস্কৃতি কেন্দ্রিক নানা উৎসব ও অনুষ্ঠান আয়োজনের ধারাবাহিকতা বজায় রাখার আহ্বান জানিয়ে বক্তব্য শেষ করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকেন আলহাজ্ব মোঃ হাসানুজ্জামান, সহ-সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, মেলান্দহ উপজেলা শাখা। জনাব হিল্লোল সরকার, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, মেলান্দহ উপজেলা শাখা। জনাব মোহাম্মদ খায়রুল ইসলাম রশ্মি, সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, ১০নং ঝাউগড়া ইউনিয়ন শাখা। জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম আফছারী, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, ১০নং ঝাউগড়া ইউনিয়ন শাখা। জনাব মুহাম্মদ জাহাঙ্গীর আলম, সাধারণ সম্পাদক, শিক্ষক সংসদ, বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া। জনাব মোঃ রকিবুল ইসলাম, প্রধান শিক্ষক, ঝাউগড়া উচ্চ বিদ্যালয়, মেলান্দহ, জামালপুর। জনাব মোঃ শহীদুল রহমান, প্রধান শিক্ষক, ঝাউগড়া আইডিয়াল উচ্চ বিদ্যালয়, মেলান্দহ, জামালপুর। জনাব মোঃ আলতাফুল রহমান, প্রধান শিক্ষক, শামসুন নাহার জালাল উচ্চ বিদ্যালয়, মেলান্দহ, জামালপুর। জনাব গোলাম মোস্তফা, প্রধান শিক্ষক, ইয়াতন জালাল উদ্দিন চৌধুরী উচ্চ বিদ্যালয়, মেলান্দহ, জামালপুর। জনাব মোঃ আব্দুল আজিজ, প্রধান শিক্ষক, পিটিআর উচ্চ বিদ্যালয়, মেলান্দহ, জামালপুর প্রমুখ। উক্ত অনুষ্ঠানের আয়োজক হিসাবে অনুষ্ঠানটি স্বার্থক করে তোলেন অত্র কলেজের উপাধ্যক্ষ জনাব মোঃ তোফাজ্জল হোসেন।

পিঠা উৎসবে ছাত্র-ছাত্রীদের সমন্বয়ে ০২টি স্টলে বাছুরি সব পিঠার পশরা সাজিয়ে রাখা হয়। অনুষ্ঠানে আগত অতিথি ও দর্শনাথীরা তাদের পছন্দমতো পিঠা ক্রয় করেন এবং অনুষ্ঠানটি দারুণভাবে উপভোগ করেন। অনুষ্ঠানটিতে ভিন্নমাত্রা যোগ হয় আকর্ষনীয় র‍্যাফেল ড্র এর আয়োজন থাকায়।

সবশেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে দিয়ে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।

০৯.০৬.২৪

রুমন আহম্মেদ

প্রজাঘক, বাংলা বিভাগ

ও

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্বে)

বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া

মেলান্দহ, জামালপুর।

Jomsonjukt Gov Pad